

*ছবিঃ বাংলাদেশে কমিউনিটি ডায়লগে নারীদের অংশগ্রহণের চিত্র*

# এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর) ও কমিউনিটি এনগেজমেন্ট নিয়ে কার্যরত গবেষকদের জন্য লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটি চেকলিস্ট

COSTAR

এই চেকলিস্টটি “Community-led Solutions To Antimicrobial Resistance (COSTAR)” প্রকল্পের আওতায় এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স ও কমিউনিটি এনগেজমেন্ট নিয়ে কার্যরত গবেষকদের জন্য তৈরি করা হয়েছে।


**বাংলা অনুবাদঃ**

নায়লা তাহসীন

মো. বদরুদ্দীন সাইফী

আর্ক ফাউন্ডেশন
স্যুট সি৩-সি৪, বাড়ি নং-০৬,
রোড নং-১০৯, গুলশান-২, ঢাকা-১২১২



অর্থায়নেঃ মেডিক্যাল রিসার্চ ফাউন্ডেশন (এমআরসি), যুক্তরাজ্য
Medical Research Foundation (MRF), UK

# ভূমিকা

অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর)) বিশ্বব্যাপী জনস্বাস্থ্যের জন্য ভয়াবহ হুমকিস্বরূপ। এছাড়াও জটিল আর্থ-সামাজিক, সাংস্কৃতিক এবং লিঙ্গ বৈচিত্র্যতার কারণে ক্রমবর্ধমান চিকিৎসাজনিত জটিলতার কারণে মৃত্যুহার বৃদ্ধি পাচ্ছে। লিঙ্গবৈচিত্র্য বা নানা সামাজিক বৈষম্য কীভাবে মানুষের স্বাস্থ্যগত আচরণকে প্রভাবিত করে তা যাচাই করার জন্য সহায়ক নানা সরঞ্জাম নিয়ে এই নির্দেশিকাটি প্রস্তুত করা হয়েছে। এই নির্দেশিকার মূল লক্ষ্য হল কমিউনিটির মানুষদের মাঝে এএমআর নিয়ে কার্যরত গবেষক ও প্র্যাক্টিশনারদের গবেষণার ডিজাইন, ইন্টারভেনশন, বাস্তবায়ন ও মূল্যায়ন করার সময় লিঙ্গ ও বিভিন্ন সামাজিক স্তরবিন্যাসের আন্তঃসম্পর্কের প্রভাব বিবেচনা করতে সহায়তা করা।

অন্যান্য পাঠকরাও পুরো গবেষণা প্রক্রিয়ায় লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটির প্রভাব পর্যবেক্ষণ ও মূল্যায়ন করতে আগ্রহী হতে পারে। এই উপাদানগুলি বিবেচনা করার মাধ্যমে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নকারীরা কমিউনিটির সকলকে অন্তর্ভুক্ত করে সামাজিক এবং সাংস্কৃতিকভাবে সংবেদনশীল একটি ইন্টারভেনশন পরিচালনা করতে পারবে, যা অধিক কার্যকর এবং স্থায়ী হবে। বিভিন্ন জনগোষ্ঠীর নির্দিষ্ট চাহিদা ও পরিস্থিতি সাপেক্ষে এএমআর সম্পর্কিত বিভিন্ন সমতামূলক নীতিমালা ও কর্মসূচি গঠনে নীতি নির্ধারকরা নির্দেশিকাটির সহায়তা নিতে পারেন। এছাড়া ভবিষ্যতে কমিউনিটি এনগেজমেন্ট বা এএমআর নিয়ে কার্যরত গবেষক এবং অনুশীলনকারীদের জন্য ব্যবহৃত শিক্ষামূলক পাঠ্যক্রম এবং প্রশিক্ষণ মডিউলগুলিতে লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটিকে অন্তর্ভুক্ত করার জন্য বিভিন্ন অ্যাকাডেমিক প্রতিষ্ঠান ও প্রশিক্ষক এই নির্দেশিকাটি ব্যবহার করতে পারে।

এই প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের আগে, বাস্তবায়নের সময় এবং পরে নারী ও পুরুষের বিভিন্ন অগ্রাধিকার ও চাহিদা এবং বিভিন্ন আন্তঃসম্পর্কীয় সামাজিক শ্রেণীবিভাগ, যেমনঃ বয়স, লিঙ্গ পরিচয়, জাতি, জাতিসত্তা, ধর্ম, অক্ষমতা ও অর্থনৈতিক অবস্থা কীভাবে গবেষণায় বিবেচনা করা হয় অথবা আদৌ বিবেচনা করা হয় কিনা, এ সম্পর্কে গবেষকরা এই কাঠামোগত পদ্ধতি অনুসরণ করে আরও সূক্ষ্মভাবে বুঝতে পারবে।

এএমআর কমিউনিটি এনগেজমেন্ট গবেষণায় লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটি কে একীভূত করার জন্য একটি স্পষ্ট এবং বাস্তবসম্মত রোডম্যাপ প্রদান করার জন্য এই নির্দেশিকাটি ডিজাইন করা হয়েছে। নিম্নলিখিত মূল উপাদানগুলি এতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

- **মূল নীতিসমূহ:** এই নির্দেশিকায় আলোচিত সমতা, অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্যতার প্রতি শ্রদ্ধাশীল মূল নীতিসমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ ।
- **গবেষণা প্রক্রিয়া:** গবেষণা প্রক্রিয়ার প্রাথমিক ডিজাইন থেকে ডেটা সংগ্রহ, বিশ্লেষণ এবং প্রচার পর্যন্ত লিঙ্গ এবং সামাজিক স্তরবিন্যাসকে অন্তর্ভুক্ত করার জন্য বিস্তারিত পদক্ষেপসমূহ।
- **জেন্ডার চেকলিস্ট:** এএমআর কমিউনিটি এনগেজমেন্ট গবেষণায় ইন্টারভেনশন এবং সম্পর্কিত প্রকল্পগুলিতে লিঙ্গ এবং সামাজিক স্তরবিন্যাসগুলি কতটা অন্তর্ভুক্ত হয়েছে তা গুণগতভাবে মূল্যায়ন করার জন্য কিছু প্রশ্নের সমন্বয়ে তৈরি একটি বিস্তৃত চেকলিস্ট। এই চেকলিস্টটি গবেষণায় অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ ও গবেষকদের পাশাপাশি লিঙ্গ-নির্দিষ্ট প্রভাব এবং সমতার ফলাফলের মতো ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করেছে।
- **কেস স্টাডি:** এএমআর সম্পর্কিত একটি কমিউনিটি এনগেজমেন্ট প্রজেক্টে লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটির সফল একীভূতকরণ প্রতিফলিত হয় এমন কিছু উদাহরণ।
- **পদ্ধতি ও রিসোর্স:** বিভিন্ন পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এই নির্দেশিকার প্রয়োগের জন্য বাড়তি কিছু রিসোর্সের তালিকা।

এএমআর গবেষণা কার্যক্রমের মধ্যে লিঙ্গ সমতা এবং সামাজিক অন্তর্ভুক্তির (Gender Equality and Social Inclusion- GESI) মূল্যায়ন সম্পর্কিত প্রশ্নাবলি সন্নিবেশ করার মাধ্যমে এই গবেষণাকে অধিক প্রাসঙ্গিক, নির্ভুল এবং গ্রহণযোগ্য করতে কমিউনিটি এনগেজমেন্টের মূল্যায়ন নিয়ে প্রকাশিত বিভিন্ন সাহিত্য পর্যালোচনা থেকে প্রাপ্ত

তথ্য নিয়ে এ প্রকল্পের বিভিন্ন পর্যায়ে বেশ কয়েকবার দলগত আলোচনা ও পুনরালোচনা করার পর এই ডকুমেন্টটি প্রস্তুত করা হয়েছে।

উল্লেখ্য যে, যদিও গবেষণা দল কমিউনিটি এনগেজমেন্ট (CE) পদ্ধতি ন্যায়সঙ্গত ও অন্তর্ভুক্তিমূলক করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে, তবে এই নির্দেশিকা মূলত বাংলাদেশ ও নেপালের গ্রামীণ এলাকায় আয়োজিত কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ার জেন্ডার ডাইমেনশন বা লিঙ্গ সম্পর্কিত বিষয়ের উপর আলোকপাত করেছে। এই প্রকল্পের কেস স্টাডি যেখানে সম্পাদন করা হয়েছে সেই সম্প্রদায়ের মানুষের পরিচয় প্রকাশ করার জন্য নারী ও পুরুষদের ক্ষেত্রে বাইনারি সংখ্যা ব্যবহার করা হয়েছে। গুরুতর মানসিক সমস্যা রয়েছে অথবা সাংকেতিক ভাষার প্রয়োজন হয়, এমন ব্যক্তিদেরকে নিয়ে কমিউনিটি ডায়লগ পরিচালনা করা সম্ভব হয়নি। এই ডকুমেন্টটি একটি জীবন্ত ডকুমেন্ট যাকে পরিপূর্ণ বলা যাবেনা কারণ ব্যবহারকারীদের প্রতিক্রিয়া, এ সম্পর্কিত কোন সঠিক কাজ এবং সাম্প্রতিক তথ্য প্রমাণের উপর ভিত্তি করে সময় সাপেক্ষে এই ডকুমেন্ট হালনাগাদ করা হতে পারে।

# এই নির্দেশিকায় ব্যবহৃত মূল শব্দ সমূহ

### সম্প্রদায় (কমিউনিটি)

একটি জনগোষ্ঠী যাদের কিছু সাধারণ বৈশিষ্ট্য বা স্বার্থ রয়েছে, সেগুলো তাদের স্বাস্থ্য সেবা গ্রহণের প্রয়োজন বা চাহিদাকে প্রভাবিত করে। একটি সম্প্রদায়কে ভৌগোলিক অবস্থান, জাতি, জাতিগত পরিচয়, বয়স, লিঙ্গ, পেশা, সাধারণ স্বার্থ বা মূল্যবোধ (যেমন ধর্ম এবং বিশ্বাস) অথবা অন্যান্য সাধারণ বন্ধন, যেমন স্বাস্থ্যের প্রয়োজন বা অসুবিধা (যেমন, উদ্বাস্তু) ইত্যাদি বৈশিষ্ট্যের ভিত্তিতে সংজ্ঞায়িত করা যেতে পারে। [১]

### সমতা (ইকুইটি)

সামাজিক, অর্থনৈতিক, জনসংখ্যাতাত্ত্বিক বা ভৌগোলিক বৈশিষ্ট্য অথবা অন্যান্য বৈষম্য (যেমনঃ লিঙ্গ, জাতি, জাতিগত পরিচয়, অক্ষমতা বা যৌন অভীমুখিতা) এর মাত্রা দ্বারা সংজ্ঞায়িত বিভিন্ন গোষ্ঠীর মধ্যে অন্যায্য, পরিহারযোগ্য বা প্রতিকারযোগ্য পার্থক্যের অনুপস্থিতিকে সমতা বলে। স্বাস্থ্য একটি মৌলিক মানবাধিকার। **"যখন সকলেই স্বাস্থ্য ও সুস্থতার জন্য বরাদ্দ সুযোগ ও সুবিধাগুলো সম্পূর্ণভাবে ভোগ করতে পারে, তখন স্বাস্থ্যখাতে সমতা অর্জিত হয়"**। [২]

একটি ভৌগলিক সম্প্রদায়ের সদস্য হিসাবে প্রাপ্তবয়স্করা যেন তাদের বয়স, যোগ্যতা, লিঙ্গ, আর্থ-সামাজিক অবস্থা, ধর্ম বা রাজনৈতিক নির্বিশেষে সম্প্রদায়ের বিভিন্ন অংশগ্রহণমূলক কার্যক্রমে এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে এবং এই প্রক্রিয়াতে অংশগ্রহণের জন্য সমান সুযোগ সুবিধা লাভ করতে পারে, তা নিশ্চিত করা।

### লিঙ্গ (জেন্ডার)

লিঙ্গ বলতে যেকোনো সমাজে পুরুষ ও নারী, ছেলে ও মেয়েদের এবং নন-বাইনারি পরিচয়ের মানুষের জন্য সামাজিকভাবে যে সকল ভূমিকা, আচরণ, কর্মকাণ্ড, গুণাবলি এবং সুযোগ সুবিধা কে উপযুক্ত বলে মনে করা হয়, তাই বোঝায়। [৩]

### আন্তঃবিভাজনগত স্তরবিন্যাস (ইন্টারসেকশনালিটি)

ইন্টারসেকশনালিটি হল একটি বিশ্লেষণমূলক লেন্স যা বিভিন্ন সামাজিক স্তরবিন্যাসের কাঠামো (যেমনঃ লিঙ্গ, শ্রেণী, 'জাতি', শিক্ষা, জাতিগত পরিচয়, বয়স, ভৌগোলিক অবস্থান, ধর্ম, অভিবাসন অবস্থা, সক্ষমতা, অক্ষমতা, লিঙ্গ পরিচয় ইত্যাদি) কীভাবে একে অপরের সাথে মিথস্ক্রিয়া করে বিভিন্ন রকমের সুবিধা, ঝুঁকি এবং/বা প্রান্তিকীকরণের অভিজ্ঞতা তৈরি করে, সে বিষয়টি মূল্যায়ন করে।

## অন্তর্ভুক্তি (ইনক্লুশন)

সকলের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা যেখানে তারা (পরিচয় নির্বিশেষে) সমান স্বীকৃতি ও সম্মান লাভ করবে । বিভিন্ন সম্প্রদায়ের জনসংখ্যাগত বৈচিত্র্য (যেমন- জাতিসাংস্কৃতিক; শিক্ষাগত; আর্থ-সামাজিক, বিশ্বাস, ভাষা, বয়স, লিঙ্গ, মূল্যবোধ এবং স্বাস্থ্যের অবস্থা) এবং সামাজিক প্রথাসমূহের অসমতা চিহ্নিত করে তা নিয়ে আলোচনা করা হবে। [৪]

**অংশগ্রহণ** - বিভিন্ন আর্থ-সামাজিক অবস্থান বা লিঙ্গের লোকেরা যে প্রক্রিয়ার মাধ্যমে একটি প্রকল্পের পরিকল্পনা, বাস্তবায়ন এবং মান নিয়ন্ত্রণে অবদান রাখে।

### "কার্যকরী সংজ্ঞা" এর উদ্ভাবন

উপরের সংজ্ঞাগুলো আলোচনার জন্য একটি উপযোগী সরঞ্জাম হিসাবে কাজ করতে পারে। বিশেষ করে গবেষণা প্রকল্পের শুরুতে, গবেষণা দলগুলি প্রয়োজনমতো কার্যকরী সংজ্ঞাগুলির একটি সেট বানানোর বিষয়টি বিবেচনা করতে পারে। পরিকল্পনার প্রাথমিক পর্যায়ে অধিক ব্যবহৃত শব্দগুলিকে নিয়ে আলোচনা করা যেতে পারে; "কমিউনিটি/ সম্প্রদায়", "ইকুইটি/ সমতা" এবং "জেন্ডার/ লিঙ্গ"-এর মতো শব্দগুলির সংজ্ঞা সময়ের সাথে পরিবর্তনশীল এবং প্রায়শই বিভিন্ন পরিবেশে বিতর্ক সৃষ্টি করে বলে মনে করা হয়। এই ধরনের শব্দগুলির সাধারণ (পশ্চিমা) সংজ্ঞাগুলির প্রযোজ্যতা সম্পর্কে অনুমান না করে বরং এই শব্দগুলিকে তাদের প্রসঙ্গ/প্রকল্পের জন্য কীভাবে আরও ভালোভাবে সংজ্ঞায়িত করা যেতে পারে তা নিয়ে মাল্টিডিসিপ্লিনারি গবেষণা দলগুলো সময় ব্যয় করতে পারে।

উদাহরণস্বরূপ, COSTAR প্রকল্পের কাজে, গবেষকরা 'কমিউনিটি' বা 'সম্প্রদায়' শব্দটির একটি কার্যকরী সংজ্ঞার উদ্ভাবন করেছেন যা প্রকল্পের সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ:

**কার্যকরী সংজ্ঞা** - COSTAR প্রকল্পের উদ্দেশ্যে, কমিউনিটি গেটকিপার এবং কমিউনিটি / সম্প্রদায় বিশয়ক কন্সাল্টেন্ট বা পরামর্শদাতাদের পরামর্শ অনুসারে দলটি প্রাথমিকভাবে ভৌগলিক অবস্থানের উপর ভিত্তি করে সম্প্রদায়ের একটি কার্যকরী সংজ্ঞার ভিত্তিতে তাদের প্রকল্পটি শুরু করেছিল। একটি নির্দিষ্ট সম্প্রদায়ের ভৌগলিক সীমানার মধ্যে, ফ্যাসিলিটেটর এবং অন্যান্য মানুষরা তাদের নিজস্ব সম্প্রদায়কে নিজেরাই চিহ্নিত করে এবং সেই অনুযায়ী কমিউনিটি ডায়লগ সেশনগুলো আয়োজন করে এবং এতে অংশগ্রহণ করে। (নীচে দেখুন)

## *কমিউনিটি এনগেজমেন্ট নিয়ে পরিচালিত একটি গবেষণা প্রকল্প থেকে কিছু উদাহরণ*




ছবিঃ কমিউনিটি ডায়লগে নারীদের কমিউনিটি ম্যাপিং করার একটি দৃশ্য, কুমিল্লা,বাংলাদেশ

এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বা অকার্যকারিতা প্রতিরোধে কমিউনিটি প্রদত্ত সমাধান (কমিউনিটি-লেড সলিউশনস টু অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স-COSTAR) একটি ৩ বছরব্যাপী গবেষণা প্রকল্প; যা যৌথ ভাবে বাংলাদেশে র‍্যান্ডমাইজড কন্ট্রোলড ট্রায়াল (RCT) এবং নেপালে ফিসিবিলিটি স্টাডি এর মাধ্যমে পরিচালনা করা হচ্ছে এবং এর মূল উদ্দেশ্য হল সরকারী অবকাঠামোর মধ্যে থেকেই একটি উদ্ভাবনী 'ওয়ান হেলথ' আঙ্গিকে সাজানো কমিউনিটি এনগেজমেন্ট ইন্টারভেনশন কে নিবিড়ভাবে মূল্যায়ন করা। বাংলাদেশের কুমিল্লা জেলা এবং নেপালের কপিলাবস্তু জেলার কমিউনিটির সদস্যরা পার্টিসিপেটরি (অংশগ্রহণমূলক) ভিডিও এবং কমিউনিটি ডায়লগ পদ্ধতি সম্পর্কে শিখছেন এবং তাদের কমিউনিটির সদস্যদেরকে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর) সম্পর্কে অংশগ্রহণমূলক কমিউনিটি ডায়লগে যোগ দেয়ার জন্য একত্রিত করেছেন।

COSTAR এর মূলনীতি হল একটি ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক ইন্টারভেনশন এবং বাস্তবায়ন পদ্ধতি প্রয়োগ করা। আমরা স্বীকার করি যে, AMR (অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স) এর মোকাবেলা করা প্রত্যেকের জন্য একই জায়গা থেকে শুরু হয় না, বরঞ্চ এএমআর কে প্রতিরোধ ও মোকাবেলার জন্য বিভিন্ন মানুষের বিভিন্ন ধরণের সংস্থান বা সহায়তার প্রয়োজন রয়েছে। কমিউনিটি এনগেজমেন্ট ও গবেষণা প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা কম এবং স্বাস্থ্যকর জীবন যাপনের ক্ষেত্রে নানা বাধার সম্মুখীন হয়ে থাকে এমন সাস্থ্যসেবার সুবিধা থেকে বঞ্চিত অনুন্নত জনগোষ্ঠীর সদস্যদের বোঝা এবং সমর্থন করাই COSTAR প্রকল্পের মূল লক্ষ্য। এছাড়া লিঙ্গভেদে অংশীজন বা স্টেকহোল্ডারদের অংশগ্রহণ যেন কোন বাধার সম্মুখীন না হয় তা নিশ্চিত করাও এই প্রক্রিয়ার

অন্তর্ভুক্ত। প্রকল্পে অংশগ্রহণের ফলে অংশগ্রহণকারীদের একটি নির্দিষ্ট লিঙ্গ বা নির্দিষ্ট দল কিভাবে প্রভাবিত হয় এবং প্রকল্পের পরিকল্পিত কার্যক্রমসমূহের মাঝে কোন ক্ষতিকারক নিয়ম বা পক্ষপাতের দৃশ্যমান কিনা তা তদন্ত করাও প্রকল্পের মূল্যায়ন এবং এর সফল হওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ । কীভাবে আমরা গবেষণা সম্পর্কে আমাদের জ্ঞান কে গভীর করতে একটি জেন্ডার-ইন্টারসেকশনাল লেন্স ব্যবহার করেছি, এই নির্দেশিকায় তার উদাহরণ পাওয়া যাবে।

জেন্ডার কন্টিনাম (লিঙ্গ পরিচয়ের বহুমুখীতা) এর প্রভাব নিয়ে কাজ করার পিছনে আমাদের মূল লক্ষ্য সম্পর্কে একটি আলোচনা করা হয়েছিল। এই আলোচনায় জেন্ডার ব্লাইন্ড বা লিঙ্গ নিরপেক্ষতা (লিঙ্গের কোন উল্লেখ না করা) থেকে শুরু করে জেন্ডার সেনসিটিভ বা লিঙ্গ সংবেদনশীলতাসহ (লিঙ্গভিত্তিক নানা বৈষম্য স্বীকার করে নেয়া) জেন্ডার ট্রান্সফরম্যাটিভ বা লিঙ্গ সাম্য প্রণয়নকারী (লিঙ্গভেদে সামাজিক ভূমিকাকে বা জেন্ডার রিলেশন কে নতুনভাবে সংজ্ঞায়িত করতে চায় এমন পদ্ধতি) পর্যন্ত বিস্তৃত ছিল। আমরা জানতাম যে আমাদের গবেষণা কখনও লিঙ্গ নিরপেক্ষ (জেন্ডার ব্লাইন্ড) কিংবা লিঙ্গ সাম্য প্রনয়নকারী (জেন্ডার ট্রান্সফরমেটিভ) হবে না, বরং কিছু কিছু ক্ষেত্রে লিঙ্গ সংবেদনশীল (জেন্ডার সেনসিটিভ) হবে, যেখানে আমরা অংশগ্রহণের ক্ষেত্রে লিঙ্গ-ভিত্তিক বাধাসমূহের পরিপ্রক্ষিতে লিঙ্গভেদে গেছে তা নিয়ে আলোচনা করব।




চিত্রঃজেন্ডার কন্টিনাম (লিঙ্গ পরিচয়ের বহুমুখীতা)

**উপরোক্ত চিত্রের বিষয়বস্তু নিম্নরুপঃ**

- **জেন্ডার ডিস্ক্রিমিনিটরি বা লিঙ্গ বৈষম্যমূলকঃ** নারীদের জন্য ক্ষতিকর এমন একটি কার্যক্রম যা লিঙ্গভিত্তিক নেতিবাচক ধারণাকে জোরদার করে।
- **জেন্ডার ব্লাইন্ড বা লিঙ্গ নিরপেক্ষঃ** লিঙ্গভেদে নারী-পুরুষদের মধ্যে বিভিন্ন রকম চাহিদার তারতম্য এবং ক্ষমতার বিভাজনকে উপেক্ষা করে এমন একটি কার্যক্রম, যা নারীদের জন্য ক্ষতিকর।
- **জেন্ডার সেন্সিটিভ বা লিঙ্গ সংবেদনশীলঃ** এমন একটি কার্যক্রম, যেটি লিঙ্গভেদে নারী-পুরুষদের ভিন্ন ভিন্ন প্রয়োজন এবং লিঙ্গভিত্তিক ক্ষমতার বৈষম্যকে স্বীকৃতি দেয়, কিন্তু প্রকল্প পরিকল্পনায় এই বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করার প্রয়াস করে কিন্তু তা সমাধানের জন্য কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করেনা।
- **জেন্ডার রেস্পন্সিভ বা লিঙ্গ বৈষম্য সচেতনঃ** এমন একটি কার্যক্রম যেখানে লিঙ্গভিত্তিক সমতা আনয়নের লক্ষ্যে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা হয় এবং নারী-পুরুষের সকল ক্ষেত্রে সমান সুযোগ প্রদান করা হয়।
- **জেন্ডার ট্রান্সফরম্যাটিভ বা লিঙ্গ সাম্য প্রণয়নকারীঃ** সমাজে প্রচলিত লিঙ্গ বৈষম্যের মূল কারণগুলোকে চ্যালেঞ্জ করে সাম্য সৃষ্টির উদ্দেশ্য পরিচালিত একটি কার্যক্রম ।



ছবিঃ বাংলাদেশে পুরুষদের নিয়ে অনুষ্ঠিত একটি কমিউনিটি ডায়লগ এর অংশবিশেষ

# অংশগ্রহণ প্রক্রিয়া এবং লিঙ্গ সংবেদনশীলতা এর মূল্যায়ন

এই চেকলিস্টটি সর্বাত্মক অংশগ্রহণ, লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটির পাঁচটি মূলনীতির উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। লিঙ্গ এবং ইন্টারসেকশনালিটি দৃষ্টিকোণ থেকে গবেষণাটি পরিচালনা করতে গবেষকদের অন্তর্ভুক্তি ও সমতা সম্পর্কে সংক্ষিপ্ত ব্যাখ্যার মাধ্যমে সচেতন করা হয়েছে। গবেষণার সব পর্যায়ে যেন সকল প্রকার লিঙ্গ এবং দক্ষতাসম্পন্ন মানুষের চাহিদা এবং অভিজ্ঞতার প্রতিফলন ঘটে তার উপর আমরা প্রাধান্য দিচ্ছি।

### ১. সকলকে অন্তর্ভুক্ত করা, বিভিন্ন পরিস্থিতিতে অংশগ্রহণের ক্ষেত্রে যে সকল বাধা দেখা দিতে পারে তা দূর করার উপর গুরুত্ব দিয়ে থাকে।

আমরা যা জানতে চাইঃ

- আমাদের মধ্যে কোন ধরনের পক্ষপাতিত্ব ও ধারণা রয়েছে? এগলো চিহ্নিত হয়ে গেলে, আমরা তা কমানো ও দূর করার জন্য সক্রিয় পদক্ষেপ নিতে পারি?
- সম্প্রদায়ের মধ্যে কারা তাদের অবস্থান বা পরিচয়ের কারণে পিছিয়ে পড়ার ঝুঁকিতে রয়েছে? কেন? এবং তারা কী কী ধরনের (সুযোগ, সিদ্ধান্ত গ্রহণ, নিয়ম ও মূল্যবোধ, শ্রম বিভাজন বিবেচনা করে) বাধার সম্মুখীন হতে পারে?
- সাধারাণত যাদের অংশগ্রহণ করার সম্ভাবনা কম, এমন লোকদের আমরা কিভাবে সনাক্ত এবং অংশগ্রহণে সহায়তা করতে পারি?
- আমাদের পদ্ধতি কি সকল লিঙ্গ ও দক্ষতাসম্পন্ন মানুষকে অংশগ্রহণ করতে এবং নিজেদের ও তাদের পরিবারের স্বাস্থ্য সম্পর্কে আলোচনাকে উত্সাহিত করে?
- আমরা কীভাবে স্থানীয় প্রেক্ষাপট সাপেক্ষে আমাদের কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতিতে সকল লিঙ্গ কে অন্তর্ভুক্ত করতে পারি?
- কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়া বাস্তবায়নে বিভিন্ন দল বা গোষ্ঠী কী ভূমিকা পালন করে?

সম্প্রদায়ে বসবাসকারী বিভিন্ন জাতি, ধর্ম, বয়স এবং পেশার মানুষের নির্দিষ্ট চাহিদা, চ্যালেঞ্জ এবং ক্ষমতার মূল্যায়নের মাধ্যমে বেশ কয়েকটি উল্লেখযোগ্য তথ্য প্রকাশ পেয়েছে। যেসব সম্প্রদায়ে একাধিক ভাষা প্রচলিত রয়েছে, সেখানে তথ্য আদান-প্রদান এবং অংশগ্রহণের ক্ষেত্রে ভাষাগত বৈচিত্র্যের ফলে নানা সমস্যা দেখা দিতে পারে, বিশেষ করে যদি আলোচনা এমন কোনো ভাষায় পরিচালিত হয় যা সবার জন্য বোধগম্য নয়। নিম্ন শিক্ষার হারও কিছু সম্প্রদায় সদস্যের সর্বাত্মক অংশগ্রহণের হার কে সীমিত করে, বিশেষ করে যদি কমিউনিটি ডায়লগের আলোচনার ক্ষেত্রে আনুষ্ঠানিক বক্তৃতা অথবা লিখিত উপকরণ  অধিক ব্যবহৃত হয়ে থাকে। এছাড়া এমন সম্প্রদায়গুলিতে যেখানে লোকেরা দীর্ঘ সময় কাজ করে বা যাদের কাজের সময়সূচী অনিয়মিত, তাদের জন্য ডায়লগের অংশগ্রহণের জন্য উপযুক্ত সময় খুঁজে পাওয়া কষ্টসাধ্য হতে পারে। অর্থনৈতিক সমস্যা হল অন্য একটি কারণ যা অংশগ্রহণকে সীমিত করতে পারে, অধিকাংশ কর্মজীবী ব্যক্তি, যেমন- দিনমজুর শ্রমিকেরা ডায়লগে অংশ নেওয়ার চেয়ে তাদের কাজকে অগ্রাধিকার দিতে পারে।

পুরুষদের জন্য পুরুষ কমিউনিটি ফ্যাসিলিটেটর এবং নারীদের জন্য নারী কমিউনিটি ফ্যাসিলিটেটর পৃথক সিডি সেশন পরিচালনা করেছেন। ফ্যাসিলিটেটর হিসেবে নির্বাচিত সকল ব্যক্তি একই সম্প্রদায়ের স্থানীয় লোকজন যাদের নিজ সম্প্রদায়ের স্থানীয় ভাষা, রীতিনীতি ও মূল্যবোধ, সম্প্রদায়ের বিভিন্ন গোষ্ঠীর মধ্যে ক্ষমতার বিন্যাস, সর্বাধিক প্রচলিত পেশা ও উপলব্ধ সময় ইত্যাদি সম্পর্কে যথেষ্ট জ্ঞান রয়েছে। এর ফলে প্রকল্পটিকে প্রাসঙ্গিক এবং অন্তর্ভুক্তিমূলক করে তোলার প্রক্রিয়াটি সহজ হয় । মুসলিম সম্প্রদায়ের জন্য মুসলিম নারী ফ্যাসিলিটেটর নির্বাচন করা হয়েছে, যার ফলে মুসলিম নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে ।

**২. বিভিন্ন স্তরের স্টেকহোল্ডারদের অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত করা। স্টেকহোল্ডারদের বিভিন্ন গোষ্ঠীর প্রতিনিধিত্ব নিশ্চিত করা এবং গবেষণা ও কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ায় সিদ্ধান্ত গ্রহণে তাদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা।**

আমরা যা জানতে চাইঃ

- সব ধরনের লিঙ্গ -পরিচয়ের ব্যক্তিদের কি সিদ্ধান্ত গ্রহণ ও পরিকল্পনা প্রক্রিয়ায় সমানভাবে অর্থবহ অংশগ্রহণের জন্য সুযোগ এবং পরিবেশ সৃষ্টি করা হয়েছিল?
- সিদ্ধান্ত গ্রহণে সকল অংশগ্রহণকারীদের মতামত কি সমানভাবে মূল্যবান এবং প্রভাবশালী ছিল?
- অংশগ্রহণের ফলে বিভিন্ন স্তরের মানুষের মধ্যকার সম্পর্কে প্রভাব পড়বে কি, যেমন ভূমিকা ও দায়িত্বে কী কী পরিবর্তন আসতে পারে ?
- প্রকল্পটি চলাকালীন এবং পরবর্তী সময়ে বিভিন্ন স্তরের মানুষের উপর সম্ভাব্য প্রভাব (লাভ ও ক্ষতি) কী?

নেপালের যেসব প্রশিক্ষক কমিউনিটি ডায়লগ ফ্যাসিলিটেটরদের প্রশিক্ষণ প্রদান করেছিলেন তারা সবাই স্থানীয় স্টেকহোল্ডার ছিলেন, যারা স্থানীয় প্রেক্ষাপট এবং ভাষার সাথে পরিচিত ছিলেন। এটি স্থানীয় প্রেক্ষাপটের সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন আর্থ-সামাজিক গোষ্ঠীর ফ্যাসিলিটেটরদের ভাষা নিয়ে যাবতীয় সমস্যার সমাধান নিশ্চিত করেছে। ফ্যাসিলিটেটরদের প্রশিক্ষণের অংশ হিসেবে কমিউনিটি ডায়লগ সেশনকে অংশগ্রহণমূলক করার জন্য ব্যবহারিক দক্ষতা এবং পদ্ধতির' বিষয়ে একটি পৃথক সেশন নেওয়া হয়েছিল।

**৩. ভাষা ও চিত্রায়নে অন্তর্ভুক্তিমূলক প্রতিনিধিত্বকে উৎসাহিত করা। আর্থসামাজিক প্রেক্ষাপট নির্বিশেষে সকল অংশগ্রহণকারীদের উপস্থিতি ও মতামতকে যথাযথ সম্মান ও গুরুত্ব প্রদান করতে সহজবোধ্য ভাষা, চিত্র এবং মিডিয়া ব্যবহার করা যা সম্প্রদায়ের বৈচিত্র্যকে প্রতিফলিত করে।**

আমরা যা জানতে চাইঃ

- ভাষা বা ছবিগুলিতে কি গৎবাঁধা দৃষ্টিভঙ্গির আলোকে একটি গোষ্ঠীর প্রতি পক্ষপাত লক্ষ্য করা যায়? লিঙ্গ, জাতিসত্তা, ধর্ম এবং নির্দিষ্ট সামাজিক প্রথাসমূহের ভিত্তিতে যাচাই করা।
- লিঙ্গ কে প্রাসঙ্গিক ভাবে উপস্থাপন করা হয়েছে? নারী ও পুরুষ কি সমানভাবে দৃশ্যমান?
- ছবিগুলো কি প্রেক্ষাপটের সাপেক্ষে লিঙ্গভিত্তিক সাধারণ রীতিনীতি কে মূল্যায়ন করে? যেমন- পুরুষ এবং মহিলাদের ছবিতে ব্যবহৃত পোশাক বা অন্যান্য আনুষাঙ্গিক জিনিসপত্র।

আমরা কমিউনিটি এনগেজমেন্ট উপকরণ, গবেষণার সরঞ্জাম এবং প্রকাশনাগুলিতে বিভিন্ন গোষ্ঠীর আরও সঠিক এবং সম্মানজনক প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য প্রচলিত ধারণাসমূহ এবং পক্ষপাত এড়িয়ে চলার যথাসাধ্য চেষ্টা করেছি।

**উপকরণ প্রস্তুত করা**

নেপালে কমিউনিটি ডায়লগে ব্যবহৃত ফ্লিপবুকটি সম্প্রদায়ের সদস্যদের সাথে মিলে যৌথভাবে তৈরি করা হয়েছিল যাতে ব্যবহৃত বার্তা এবং ছবিগুলি সম্প্রদায়ে বসবাসকারী বিভিন্ন গোষ্ঠীর জন্য সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে উপযুক্ত ছিল। সেশনের সময় ব্যবহৃত গল্পগুলো সম্প্রদায়ের সদস্যদের দ্বারা বর্ণিত কাহিনী থকে নেয়া হয়েছিল। চূড়ান্ত পর্যায়ে ব্যবহারের আগে একই সম্প্রদায়ের সদস্যদের সাথে ডায়লগের বিষয়বস্তু নিয়ে একটি প্রি-টেস্ট করা হয়েছিল।

বাংলাদেশে ফ্লিপবুকের ছবিগুলিতে জেন্ডার স্টেরিওটাইপ বা লিঙ্গভিত্তিক গৎবাঁধা ধারণা এড়িয়ে চলতে বিশেষভাবে খেয়াল রাখা হয়েছিল, যাতে পুরুষ এবং মহিলা উভয়কেই পেশাদার ভূমিকায় দেখানো হয়।



ছবিঃ কোস্টার বাংলাদেশের ফ্লিপবুক থেকে সংগৃহীত চিত্র

**৪. অন্তর্ভুক্তিমূলক তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করার উদ্দেশ্যে সচেতনভাবে প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়ায় এমন পদ্ধতি ব্যবহার করা যাতে করে যে লিঙ্গ বা গোষ্ঠীর প্রতিনিধিত্ব কম অথবা প্রান্তিকীকরণের স্বীকার, তাদেরকে তথ্য সংগ্রহের সময় অন্তর্ভুক্ত করা এবং তথ্য বিশ্লেষণে তাদের অনন্য অভিজ্ঞতাগুলি বিবেচনা করা।**

আমরা যা জানতে চাইঃ

- তথ্যগুলো কি বিভিন্ন ভৌগলিক অবস্থান, বয়স, জাতিসত্তার মানুষের একটি বিস্তৃত বর্ণালী থেকে সংগৃহীত? তথ্যগুলো কি লিঙ্গভেদে বিভাজিত বা সেক্স-ডিসএগ্রিগেটেড; লিঙ্গ নির্দিষ্ট; বা পরোক্ষভাবে লিঙ্গভিত্তিক?
- আমরা কি তথ্য বিশ্লেষণে লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত পরিচয়ের ভিত্তিতে বিভক্ত তথ্য বিবেচনা করেছি?
- আমরা কীভাবে ডেটা সংগ্রহ এবং বিশ্লেষণ করি সে সম্পর্কে আমরা কতটা স্বচ্ছ?

- তথ্যের লিঙ্গভিত্তিক এবং অন্যান্য আন্তঃবিভাজনমূলক ব্যবধান কমাতে কৌশলগতভাবে কি কোন লক্ষ্য নির্ধারণ করা হয়েছে?

বিভিন্ন লিঙ্গের উপর হস্তক্ষেপের প্রভাব পরিমাপ করতে এবং বিভিন্ন গবেষণা এবং ইন্টারভেনশনে বিভিন্ন লিঙ্গভিত্তিক প্রতিক্রিয়া কিরূপ তা পরিমাপ করা হয়েছে। ফলে ডেটা সংগ্রহের এবং ডেটা বিশ্লেষণের সমস্ত স্তরে গুণগত এবং পরিমাণগত উভয় পদ্ধতিতে ব্যবহার করে সেক্স ডিসএগ্রিগেটেড বা লিঙ্গ-বিভক্ত ডেটা নিয়ে কাজ করা হয়েছে। বাংলাদেশে বেজলাইন এবং এন্ডলাইন জরিপের ক্ষেত্রে, প্রায় সমান অনুপাতের পুরুষ ও মহিলাদের সাক্ষাৎকার নেওয়া হয়েছিল।

### ৫. লিঙ্গ-সংবেদনশীল নীতিমালা বাস্তবায়ন করে, লিঙ্গ ও আন্তঃবিভাজন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান এবং প্রকল্পের সকল স্তরে সমতামূলক পদ্ধতির ব্যবহার ও নেতৃত্বের জবাবদিহিতা নিশ্চিত করে অন্তর্ভুক্তিমূলক ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে লিঙ্গ ও আন্তঃবিভাজনগত ধারণার সাথে সামঞ্জস্যপূর্ণ একটি আভ্যন্তরীণ পরিবেশ তৈরি করা।

আমরা যা জানতে চাইঃ

- গবেষণা দলের সাংগঠনিক কাঠামো, দক্ষতা এবং কার্যক্রমের ফলাফলের মাঝে কি বহুমাত্রিক সামাজিক স্তরবিন্যাস এবং প্রয়োজনীয় সুরক্ষা (সেফগার্ডিং) নিশ্চিতকরণের মানদণ্ড প্রতিফলিত হয়?
- দলের সদস্যদের (গবেষণা দল, প্রশিক্ষক, সুপারভাইজার এবং ফ্যাসিলিটেটর) মধ্যে কি বৈচিত্র্য আছে?
- গবেষণা দলকে আরও লিঙ্গ-সংবেদনশীল হতে সহায়তা করতে কোনো সুনির্দিষ্ট দিকনির্দেশনা আছে কি?
- আমরা কি আমাদের নিজস্ব পক্ষপাতিত্ব বিবেচনা করেছি এবং আমরা কীভাবে এগুলো হ্রাস করছি?
- গবেষণা দলের প্রত্যেক সদস্য কি সমান ও গুরুত্বপূর্ণ সুযোগ এবং কর্মজীবনে অগ্রগতির সুযোগ পায়?
- সিদ্ধান্ত কীভাবে নেওয়া হয় এবং কারা এর সাথে জড়িত থাকে?

বাংলাদেশে প্রশিক্ষণের প্রতিটি স্তরে এবং অফিস-ভিত্তিক এবং মাঠ কর্মীদের জন্য একটি বাধ্যতামূলক সুরক্ষা (সেফগার্ডিং) সেশন পরিচালিত হয়েছিল।

বাংলাদেশ ফ্লিপবুকে সুরক্ষামূলক বার্তাগুলিও অন্তর্ভুক্ত করা হয়েছিল এবং কমিউনিটি ডায়লগ সেশনগুলি থেকে কোনও সুরক্ষা সংক্রান্ত সমস্যা রিপোর্ট করার জন্য যোগাযোগের নম্বর দেওয়া হয়েছিল। গবেষণা ও বাস্তবায়নের সকল স্তরে সকল স্টেকহোল্ডারদের বা অংশীজনের সুরক্ষা নিশ্চিত করার জন্য একটি পৃথক রিপোর্টিং টেমপ্লেট তৈরি করা হয়েছে, সেইসাথে সুরক্ষা নিশ্চিত করার জন্য পৃথক একজন ব্যক্তিকে নিয়োগ করা হয়েছে।




ছবিঃ বাংলাদেশে ফ্লিপবুকে ব্যবহৃত সুরক্ষা (সেফগার্ডিং) সেশনের একটি চিত্র

# লিঙ্গ ও আন্তঃবিভাজনগত দৃষ্টিভঙ্গির আলোকে গবেষণা প্রক্রিয়া পরিচালনা

## চেকলিস্টের ব্যাখ্যা

যদিও অন্তর্ভুক্তির নীতি সম্পর্কিত উপরে উল্লেখিত প্রশ্নগুলি সম্পূর্ণ গবেষণা চক্রের সাথে সামঞ্জস্যপূর্ণ, তবুও এই চেকলিস্টটিকে নিম্নের প্রকল্প চক্রের মাধ্যমে (চিত্র দ্রষ্টব্য) ছয়টি বিভাগে সাজানো হয়েছে। কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতিতে গবেষণার নকশা, বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য নির্দেশিকা হিসাবে এই চেকলিস্টটিকে ব্যবহার করা যেতে পারে। টিমগুলিকে বুঝতে সাহায্য করার জন্য তারা যে সিই টুলস এবং কার্যক্রমগুলি বিকাশ করছে তা কতটা অন্তর্ভুক্তিমূলক। বিভিন্ন প্রকল্পকে আরও বেশি জেন্ডার  রেস্পন্সিভ বা লিঙ্গ বৈষম্য সচেতন করতে এই চেকলিস্টটি ব্যবহার করা যেতে পারে।




চিত্রঃ গবেষণা চক্র

### ধাপ-১. গবেষণা প্রস্তাব এবং প্রোটোকল তৈরির প্রক্রিয়া

প্রথম ভাগে আমরা গবেষণা প্রক্রিয়ার প্রাথমিক পরিকল্পনায় সমস্ত স্টেকহোল্ডার অংশগ্রহণকে যেসব সমস্যা, চাহিদা এবং প্রাসঙ্গিক বিষয়গুলো প্রভাবিত করে সেগুলো চিহ্নিত করি।

### ধাপ -২. লিঙ্গ-সংবেদনশীল, অন্তর্ভুক্তিমূলক এবং পরামর্শমূলক প্রকল্প নকশা প্রক্রিয়ায় সম্প্রদায়ের সদস্যদের সহ স্টেকহোল্ডারদের অন্তর্ভুক্ত করা

আমাদের লক্ষ্য হলো এমন একটি প্রকল্প ডিজাইন করা, যেখানে নারী, পুরুষ এবং নন-বাইনারি অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণ সামাজিক ও আচরণগত পরিবর্তন আনয়নে সহায়তা করবে ।

### ধাপ -৩. প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন

এই বিভাগে আমরা লক্ষ্য করেছি যে, কিভাবে সমাজের সদস্যরা সম্ভাব্য জায়গাগুলোতে কমিউনিটি এনগেজমেন্ট কর্মকান্ড ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আসতে এবং অংশগ্রহণ করতে পারেন, এবং একই সাথে প্রদানকৃত প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি কর্মকান্ড থেকে সমানভাবে উপকৃত হতে পারেন।

### ধাপ -৪. একই সাথে মতামত বা প্রতিক্রিয়া সংগ্রহ, পর্যবেক্ষণ ও প্রতিক্রিয়ার সাথে খাপ খাইয়ে নেওয়া এবং চূড়ান্ত মূল্যায়ন: লিঙ্গ মনোভাব এবং আন্তঃবিভাজনের অন্তর্ভুক্ত করার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের অগ্রগতি অনুসরণ এবং মূল্যায়ন করা

আমরা তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, প্রক্রিয়াকরণ এবং বৈধতা যাচাই প্রক্রিয়ায় স্থানীয় স্টেকহোল্ডার এবং কমিউনিটির অবকাঠামো অন্তর্ভুক্ত করার মাধ্যমে জবাবদিহিতার সুযোগ বৃদ্ধি করতে দৃঢ়সংকল্প। এটি কমিউনিটি এনগেজমেন্ট (CE) প্রক্রিয়া এবং এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (AMR) -এর সমস্যা নির্ণয় এবং উপযুক্ত সমাধান চিহ্নিত করতে এবং পর্যবেক্ষণ , মূল্যায়ন এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সকল লিঙ্গের মানুষের সমান অংশগ্রহণ নিশ্চিত করতে সহায়তা করবে। এছাড়াও, লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত স্তরবিন্যাস সম্পর্কিত প্রভাবের দিকে লক্ষ্য রেখে ডেটা এমনভাবে সংগ্রহ করা হবে যাতে প্রকল্পটি নারী, পুরুষ এবং নন-বাইনারী পরিচয়যুক্ত ব্যক্তিদের সমানভাবে উপকৃত করে কিনা তা যাচাই করা যায়।

### ধাপ -৫. রিসার্চ আপটেক (গবেষণা ফলাফলের কার্যকরী প্রয়োগ)

এই বিভাগে আমরা দেখতে পাই যে কীভাবে বিভিন্ন আন্তঃবিভাজনগত বইশ ব্যক্তিগণ গবেষণা কার্যক্রমের ফলাফলে ব্যবহৃত হয় এবং গবেষণার ফলাফল সম্পর্কে জানার সুযোগ পায় ।

### ধাপ -৬. সক্ষমতা বৃদ্ধি

যেহেতু সক্ষমতা বৃদ্ধি এমন একটি বিষয় যা সমগ্র গবেষণা প্রক্রিয়া ওতপ্রোতভাবে জড়িত ছিল, তাই আমরা এটিকে তালিকায় অন্তর্ভুক্ত করেছি।



ছবিঃ কমিউনিটি ডায়লগ, হার্ড (HERD) ইন্টারন্যাশনাল, নেপাল, ২০২৪

## নিম্নের বিষয়বস্তু মূল্যায়ন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত থাকতে পারেঃ

| |
|---|
| **গবেষণা পদ্ধতি**<br><br>**ডকুমেন্ট পর্যালোচনা**<br><br>**গবেষণা দলের মূল সদস্যদের সাথে গ্রুপ ইন্টারভিউ**<br><br>• **সরকারের স্টেকহোল্ডার বা প্রতিনিধি**<br>• **কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতিতে অংশগ্রহণকারী**<br>**এর সাথে বিস্তারিত সাক্ষাৎকার (IDI)**<br><br>• **সরকারের স্টেকহোল্ডার বা প্রতিনিধি**<br>• **সুপারভাইজার**<br>• **কমিউনিটি এনগেজমেন্ট ফ্যাসিলিটেটরদের**<br>• **কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতিতে অংশগ্রহণকারী**<br>**এর সাথে দলগত আলোচনা**<br><br>**কমিউনিটি এঙ্গেজমেন্ট কার্যক্রমের সরাসরি পর্যবেক্ষণ**<br><br>**অংশগ্রহণমূলক গবেষণা পদ্ধতি** |
| **কমিউনিটি এনগেজমেন্ট অংশগ্রহণকারীদের সঙ্গে সমাপনী জরিপ** |

গবেষণা পদ্ধতির বিকাশ এবং মূল্যায়নের সরঞ্জামগুলিতে অন্তর্ভুক্তির সুবিধার জন্য প্রতিটি বিভাগের প্রশ্নগুলিতে নির্দিষ্ট রঙ দ্বারা চিহ্নিত হিয়েছে । গবেষণা মূল্যায়ন এবং গবেষণা গ্রহণ প্রক্রিয়ার এক একটি পর্যায়ে যে প্রশ্নটি বিবেচনা করা উচিত প্রত্যেকটি রঙ তার প্রতিনিধিত্ব করে ।

গবেষণা প্রকল্পের কার্যকারীতা মূল্যায়ণ করতে নিম্নলিখিত স্কেল ব্যবহার করা যেতে পারে:

০ = মোটেই না

১ = মোটামুটি

২ = সন্তোষজনক

আপনার উত্তর যদি ০ বা ১ হয়, তাহলে গবেষণাটি জেন্ডার ব্লাইন্ড বা লিঙ্গ নিরপেক্ষ বা লিঙ্গ অসচেতন এবং এই প্রক্রিয়ায় লিঙ্গ ও ইন্টারসেকশনালিটি বিবেচনা উপেক্ষা করা হয়ে থাকতে পারে ।

আপনি যদি হ্যাঁ উত্তর দেন, তাহলে আপনার গবেষণাটি লিঙ্গ সচেতন হওয়ার সম্ভাবনা বেশি।

১) জেন্ডার ব্লাইন্ড বা লিঙ্গ নিরপেক্ষ লিঙ্গ বৈষম্যকে উপেক্ষা করে এবং ধারণা করে যে নীতিমালাগুলো সবার ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য।

২) লিঙ্গ সচেতন লিঙ্গ বৈষম্যকে স্বীকার করে সমতা আনয়নে উদ্দেশ্যে কাজ করে।

# জেন্ডার ও ইন্টারসেকশনালিটি চেকলিস্ট

| বিভাগ | প্রশ্ন | স্কোর | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | |
| ১ | **গবেষণার প্রস্তুতি** | | | | |
| ১.ক | গবেষণার উদ্দেশ্য, প্রশ্ন, অনুসিদ্ধান্ত, ডেটা সংগ্রহের সরঞ্জাম এবং বিশ্লেষণ পদ্ধতিগুলো নির্ধারণ করার ক্ষেত্রে লিঙ্গভিত্তিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করা হয়েছিল কি? | | | | |
| ১.খ | লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত বৈষম্যকে প্রভাবিত করে এরূপ সমস্যা, চাহিদা এবং প্রাসঙ্গিক কারণগুলি গবেষণা প্রক্রিয়ায় শনাক্ত এবং বিশ্লেষণ করা হয়েছে কিনা? | | | | |
| ১.গ | আমরা কি আমাদের নিজস্ব পক্ষপাতিত্ব বিবেচনা করেছি এবং আমরা এই পক্ষপাত দূর করার জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করেছি ? | | | | |
| ১.ঘ | বিভিন্ন লিঙ্গের ব্যক্তি এবং অন্যান্য সামাজিক গোষ্ঠীর লোকজন, যেমন প্রকল্প দলের সদস্য, গবেষণায় অংশগ্রহণকারীরা এবং প্রকল্পের প্রভাবিত জনগোষ্ঠী, সবাই কি প্রকল্প পরিকল্পনায় অংশগ্রহণের এবং তাদের মতামত প্রদানের সমান সুযোগ পেয়েছেন? | | | | |
| | | | | | |
| ১.১ | **প্রসঙ্গ বিশ্লেষণ** | | | | |
| ১.১.ক | প্রকল্প এলাকায় লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত প্রভাবগুলি সম্পর্কে ধারণা লাভের জন্য প্রকল্পটি কি কোন প্রাসঙ্গিক বিশ্লেষণ পরিচালনা করেছে? | | | | |
| ১.১.খ | প্রকল্প দলটি কি নিম্নোক্ত বিষয় বিবেচনা করে একটি পদ্ধতিগত পরীক্ষা চালিয়েছে?<br><br>➢ লিঙ্গভিত্তিক ভূমিকা এবং লিঙ্গ সম্পর্কিত রীতি-নীতির মধ্যে পার্থক্য; ক্ষমতার বিভিন্ন স্তর; ভিন্ন চাহিদা, সীমাবদ্ধতা এবং সুযোগ; এবং মানুষের জীবনে এই পার্থক্যের প্রভাব<br>➢ ক্ষমতার ভারসাম্য, নেতৃত্ব এবং ব্যবস্থাপনা - লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত দিক বিবেচনা করে - পরিকল্পনায় এবং কার্যক্রম, সিদ্ধান্ত গ্রহণে বিভিন্ন লিঙ্গভিত্তিক ভূমিকার প্রভাব ইত্যাদি। | | | | |
| ১.১.গ | প্রকল্পটির উপর জেন্ডার রিলেশন অর্থাৎ লিঙ্গভেদে সামাজিক ভূমিকার সম্ভাব্য প্রভাব কি বিশ্লেষণ করা হয়েছে? | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.১.ঘ | লিঙ্গ এবং সামাজিক রীতি-নীতি দ্বারা সংজ্ঞায়িত শ্রম বিভাগ কীভাবে বিভিন্ন লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত গোষ্ঠীর মধ্যে অংশগ্রহণকে প্রভাবিত করে? যেমন-, শিশুর যত্ন নেয়া ও শিশুক খাওয়ানোর মতো নানা পারিবারিক দায়িত্ব পালনে মহিলাদের সামাজিক ভূমিকা কি কমিউনিটি এঙ্গেজমেন্ট এবং স্বাস্থ্য-উন্নয়ন সংক্রান্ত কর্মকাণ্ডে তাদের সক্রিয় ও নিয়মিত অংশগ্রহণকে প্রভাবিত করে? | | | | |
| ১.১.ঙ | বিভিন্ন লিঙ্গ এবং দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের প্রকল্পের কার্যক্রমে অংশগ্রহণের সমান সুযোগ অথবা অংশগ্রহণের মাধ্যমে সমান সুবিধা লাভের ক্ষেত্রে সম্ভাব্য বাঁধা বা ঝুঁকিগুলো কি বিশ্লেষণ করা হয়েছে? | | | | |
| | | | | | |
| ১.২ | **অংশগ্রহণের সহায়ক উপাদান এবং বাধাসমূহ** | | | | |
| ১.২.ক | গবেষণার বিভিন্ন ধাপে অংশগ্রহণের ক্ষেত্রে লিঙ্গ ও আন্তঃবিভাজনগত বাধাসমূহ দূর করার জন্য দলটি কি কোন প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে এবং আলোচনা করেছে? | | | | |
| ১.২.খ | দলটি কি অংশগ্রহণ বৃদ্ধিতে সহায়ক উপাদান সমূহকে চিহ্নিত করেছে? | | | | |
| ১.২.গ | সিদ্ধান্ত গ্রহণ, পরামর্শ প্রদানসহ ও প্রকল্পের অন্যান্য কার্যক্রমে সুষম প্রতিনিধিত্ব এবং বিভিন্ন ধরনের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করার জন্য কি কোন পদ্ধতি অন্তর্ভুক্ত করা হয়েছে?<br>প্রকল্পের বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণের সময় কারা সক্রিয় এবং কারা নিষ্ক্রিয় থাকে? | | | | |
| ১.২.ঘ | যেসব ব্যক্তিদের কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ায় সক্রিয় অংশগ্রহণের সম্ভাবনা কম তাদেরকে উদ্বুদ্ধ করার উপায়গুলি কি প্রকল্পের কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে? | | | | |
| ১.২.ঙ | দলটি কি ওয়ান হেলথ সম্পর্কিত এএমআর চ্যালেঞ্জ মোকাবেলার উদ্দেশ্যে এমন কোন সমাধান বিবেচনা করেছে যা লিঙ্গ ও আন্তঃবিভাজনগত স্তরবিন্যাসের সাথে সম্পর্কিত জ্ঞান, দৃষ্টিভঙ্গি, বিশ্বাস, উপলব্ধি, নিয়ম, ভূমিকা, এবং আচরণের পাশাপাশি এএমআর হ্রাসকারী আচরণের ক্ষেত্রে আরও ন্যায়সঙ্গত পরিবর্তন ঘটাতে পারে? | | | | |
| | | | | | |
| ১.৩. | **মাধ্যমিক তথ্যের ব্যবহার** | | | | |
| ১.৩.ক | লিঙ্গ-সম্পর্কিত উপাদানসমূহ (পুরুষ, মহিলা ও অন্যান্য লিঙ্গ গোষ্ঠীর মধ্যে ক্ষমতার বিভাজন, প্রচলিত লিঙ্গভিত্তিক রীতি এবং লিঙ্গ-ভেদে সুযোগের অসমতা, লিঙ্গ বৈষম্যমূলক নীতি ইত্যাদি) কীভাবে এএমআরকে প্রভাবিত করে?<br>এই বিষয়ে কি প্রকল্পের প্রারম্ভিক কাঠামোগত মূল্যায়ন, পর্যালোচনা এবং শিক্ষামূলক কার্যক্রমসমূহে বিবেচনা করা হয়েছে? | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.৩.খ | প্রাথমিক ও মাধ্যমিক উৎস থেকে সংগ্রহ করা লিঙ্গ-বিভক্ত তথ্য এবং অন্যান্য লিঙ্গ-সম্পর্কিত তথ্য কি সমস্যা বিশ্লেষণে ব্যবহৃত হয়েছিল? | | | | |
| ১.৩.গ | প্রাথমিক এবং মাধ্যমিক গবেষণা বিশ্লেষণ থেকে প্রাপ্ত ফলাফল কি বিদ্যমান লিঙ্গ বৈচিত্র্য এবং এএমআর এর উপর তাদের প্রভাব সম্পর্কে বিস্তারিত জ্ঞান অর্জনে সহায়তা করেছে? | | | | |
| ১.৩.ঘ | প্রকল্প দলটি কি প্রকল্পের মধ্যে লিঙ্গভিত্তিক দৃষ্টিভঙ্গির সমন্বয় নিশ্চিত করতে পুরুষদের অংশগ্রহণ বা মহিলাদের ক্ষমতায়নের অভিনব, সর্বোত্তম ও ফলপ্রসূ পদ্ধতিসমূহ নিয়ে পর্যালোচনা করেছে? | | | | |
| ১.৩.ঙ | কিভাবে বয়স, সামাজিক-অর্থনৈতিক অবস্থা, শিক্ষাগত অর্জন, জাতি/জাতিগত পরিচয় এবং অন্যান্য উপাদান সাপেক্ষে লিঙ্গের প্রভাব ভিন্ন ভিন্ন হয়, প্রকল্পটি কি লিঙ্গ-বিভক্ত তথ্য ব্যবহার করে তা অনুসন্ধান করেছে? | | | | |
| | | | | | |
| ১.৪. | **নমুনা সংগ্রহ এবং গবেষণা ফলাফল** | | | | |
| ১.৪.ক | নমুনা সংগ্রহ পদ্ধতিতে কি লিঙ্গ এবং অন্যান্য সামাজিক স্তরবিন্যাসের দ্বারা তথ্য বিভক্ত করা হয়েছে? | | | | |
| ১.৪.খ | গবেষণা ফলাফলে কি পুরুষ বা মহিলা দ্বারা বিভাজিত লিঙ্গ-সম্পর্কিত গণনাযোগ্য সূচক এবং লক্ষ্যসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে? | | | | |
| ১.৪.গ | বিভিন্ন ইভেন্টের আয়োজন এবং কার্যক্রমে অংশগ্রহণের ক্ষেত্রে কি লিঙ্গ এবং দৃশ্যমান অক্ষমতার প্রেক্ষিতে কোন পার্থক্য রয়েছে? | | | | |
| | | | | | |
| ১.৫. | **সাংগঠনিক পরিবেশ পর্যবেক্ষণ** | | | | |
| ১.৫.ক | **প্রকল্প দল** | | | | |
| ১.৫.ক.১ | প্রকল্পের ব্যবস্থাপনা এবং বাস্তবায়ন প্রক্রিয়ায় নারী ও পুরুষের সমান সুযোগ বিবেচনা করা হয়েছে কি? | | | | |
| ১.৫.ক.২ | গবেষণা দলে কি লিঙ্গের ভারসাম্যহীনতা আছে? যদি হ্যাঁ হয়, তাহলে কি অন্যান্য লিঙ্গের দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করার জন্য কোনো পদক্ষেপ নেওয়া হয়েছে? | | | | |
| ১.৫.ক.৩ | প্রকল্প ব্যবস্থাপনা দলটি কি লিঙ্গভিত্তিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করে প্রকল্প পদ্ধতি ডিজাইন ও বাস্তবায়নে অভিজ্ঞ? | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.৫.ক.৪ | গবেষণা দলে কি দৃশ্যমান বা অদৃশ্যমান, ভিন্ন দক্ষতা বিবেচনা করা হয়েছে? যেমন নিউরোডাইভারজেন্স অর্থাৎ মস্তিষ্কের বিকাশগত বৈচিত্র্য? | | | | |
| ১.৫.খ | **নীতিমালা ও কর্মপদ্ধতি** | | | | |
| ১.৫.খ.১ | কমিউনিটি ডায়লগ ফ্যাসিলিটেটর, গবেষক এবং সম্প্রদায়ের সদস্যদের যৌন হয়রানি ও নিরাপত্তা সম্পর্কিত বিষয়াদি মোকাবেলার জন্য সামাজিকভাবে গৃহীত কোন নীতিমালা আছে? | | | | |

| বিভাগ | প্রশ্ন | স্কোর | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | |
| ২ | **কার্যকরভাবে কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ার মূল্যায়ন সরঞ্জাম এবং পদ্ধতির নকশা** | | | | |
| ২.ক | **গবেষণার পদ্ধতি কি অন্তর্ভুক্তিমূলক?** | | | | |
| ২.খ | এই পদ্ধতি কি সক্রিয়ভাবে পুরুষ ও মহিলাদের অংশগ্রহণকে উৎসাহিত করে এবং প্রচলিত ক্ষমতার ভারসাম্যহীনতাকে চ্যালেঞ্জ করে? | | | | |
| | | | | | |
| ২.১ | **কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতি ও কার্যক্রমের বিকাশ** | | | | |
| ২.১.ক | প্রকল্পটির প্রান্তিক ব্যবহারকারীদের অংশগ্রহণের মাধ্যমে মানব-কেন্দ্রিক নকশা অনুসরণ করে কি প্রধান বার্তা ও প্রচার পদ্ধতি গড়ে তোলা হয়েছে? | | | | |
| ২.১.খ | বিভিন্ন গোষ্ঠীর দৈনন্দিন চাহিদা পূরণের জন্য কি কমিউনিটি এনগেজমেন্ট কার্যক্রম এবং ডায়লগগুলো সংগঠিত হয়? *মহিলাদের বিভিন্ন চাহিদা যেমন- শিশু যত্ন এবং শিশুর খাওয়ানো, বা কাজের সময়সূচী, প্রভৃতি।* | | | | |
| ২.১.গ | ডায়লগে অংশগ্রহণের সুযোগ নিয়ে আলোচনা করা হয়েছে কিনা (চলাফেরার সীমাবদ্ধতা, পরিবহন স্বল্পতা এবং ঋতু পরিবর্তনজনিত কারণ)? | | | | |
| ২.১.ঘ | প্রাথমিক ধাপে প্রেক্ষাপট বিশ্লেষণ বা গঠনমূলক গবেষণার সময় লিঙ্গ সম্পর্কের প্রভাব উদাহরণস্বরূপ: কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়া পরিচালনার স্থান, পুরুষ এবং মহিলাদের এই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করার পদ্ধতি ইত্যাদি বিবেচনা করা হয়েছে কি? | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **২.১.ঙ** | অংশগ্রহণকারী এবং ফ্যাসিলিটেটর উভয় বিভিন্ন গোষ্ঠীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে আমরা কি কি পদক্ষেপ বা সিদ্ধান্ত নিয়েছি? | | | | |
| **২.১.ঙ** | আমরা কি কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়া বাস্তবায়নের ক্ষেত্রে সকলকে অংশগ্রহণের সমান সুযোগ দিয়েছি? | | | | |
| | | | | | |
| **২.২** | **কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতির সরঞ্জাম এবং উপকরণ প্রস্তুতকরণ** | | | | |
| **২.১.ক** | প্রকল্পের সামগ্রী এবং কার্যক্রম কি বিভিন্ন গোষ্ঠীর (যেমন: দৃষ্টি প্রতিবন্ধী, সাংকেতিক ভাষা ব্যবহারকারী) নির্দিষ্ট প্রয়োজন পূরণের জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে? | | | | |
| **২.১.খ** | প্রকল্পের প্রস্তুতিমূলক ও অগ্রগতির প্রক্রিয়ায় কি বিভিন্ন গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা হয়েছে? | | | | |
| **২.১.গ** | প্রকল্পের ব্যবহৃত বিষয়বস্তু ও যাবতীয় সরঞ্জাম প্রস্তুত করার ক্ষেত্রে কি লিঙ্গভিত্তিক প্রেক্ষাপট এবং আন্তঃবিভাজনগত দিকগুলো বিবেচনা করা হয়েছে? | | | | |
| **২.১.ঘ** | বিভিন্ন গোষ্ঠীর সাথে সরঞ্জাম ও উপকরণগুলো (ছবি/তথ্য) কি প্রাক-পরীক্ষা করা হয়েছে? | | | | |
| **২.১.ঙ** | সমস্ত উপকরণ এবং কার্যকলাপসমূহ কি প্রাসঙ্গিকভাবে উপযুক্ত স্টেকহোল্ডারদের (পুরুষ এবং মহিলা) দ্বারা মূল্যায়ন করানো হয়েছে? এই মূল্যায়নের ফলে কি কোন ধরনের সংশোধন করা হয়েছে? | | | | |
| **২.১.চ** | SBCC (সামাজিক আচরণ ও যোগাযোগের পরিবর্তন) উপকরণসমূহের উপস্থাপনায় কি লিঙ্গ, বয়স, জাত, বর্ণ সম্পর্কিত স্টেরিওটাইপগুলো এড়ানো সম্ভব হয়েছে? যেমন: লিঙ্গ স্টেরিওটাইপ; পেশাদার কাজে পুরুষ এবং গৃহস্থালি কাজে নারীর ভূমিকা। | | | | |

| বিভাগ | প্রশ্ন | স্কোর | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | |
| ৩ | **কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়া বাস্তবায়নে অংশগ্রহণ** | | | | |
| ৩.১ | **ফ্যাসিলিটিটরদের প্রোফাইল (সামাজিক অবস্থান এবং পরিচিতি) এবং কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণকারীদের সাথে ফ্যাসিলিটিটরদের সম্পর্ক** | | | | |
| ৩.১.ক | পুরুষ এবং মহিলা ফ্যাসিলিটিটরদের সাথে কি ভিন্নভাবে আচরণ করা হয়? | | | | |
| ৩.১.খ | ফ্যাসিলিটেটরের লিঙ্গ কি অংশগ্রহণকারীর অংশগ্রহণকে প্রভাবিত করে? কিভাবে? | | | | |
| ৩.১.গ | ভিন্ন ভিন্ন সামাজিক-সাংস্কৃতিক গোষ্ঠীর ব্যক্তিদের মধ্য থেকে কমিউনিটি এনগেজমেন্ট ফ্যাসিলিটেটর, সুপারভাইজার বা প্রশিক্ষক হিসেবে কিভাবে প্রতিনিধিত্ব করে থাকেন? | | | | |
| ৩.১.ঘ | প্রকল্প বাস্তবায়নে এই ভারসাম্য কিভাবে প্রভাব রাখতে পারে? | | | | |
| | | | | | |
| ৩.২ | **কমিউনিটি এনগেজমেন্ট কার্যক্রমে অংশগ্রহণকারীগণ** | | | | |
| ৩.২.ক | কমিউনিটি এনগেজমেন্ট কার্যক্রমগুলোতে কি বিভিন্ন গোষ্ঠীর লোকজনের প্রতিনিধিত্ব করা হচ্ছে?<br>*যে সব গোষ্ঠী অংশ নিতে চায়, তাদের সবাই কি অন্তর্ভুক্ত হতে পারে?* | | | | |
| ৩.২.খ | এই সেশনগুলো কারা মূল্যবান, উপকারী বা প্রাসঙ্গিক মনে করে? লিঙ্গ, বয়স ইত্যাদির ক্ষেত্রে এ প্রতিক্রিয়া কীভাবে আলাদা হতে পারে? | | | | |
| ৩.২.গ | কেউ কি সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীগুলোর প্রতিনিধিত্ব করে? কারা অংশগ্রহণ প্রক্রিয়া থেকে বাদ পড়ে যায়? | | | | |
| ৩.২.ঘ | সম্প্রদায়ের সকল সদস্যকে, বিশেষ করে যে সদস্যরা কার্যক্রমে অংশগ্রহণ করতে অসমর্থ – তাদেরকে কি ডায়লগে অংশগ্রহণকারীগণ তাদের অর্জিত জ্ঞান ও তথ্যগুলো অবগত করে থাকে? এই তথ্যগুলো কে কে জানিয়ে থাকে এবং কি কি পদ্ধতির মাধ্যমে এই তথ্যগুলো জানানো হয়? | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩.২.ঙ | কমিউনিটি এনগেজমেন্ট কার্যক্রমগুলো কোথায় আয়োজন করা হয়, সেটা কিভাবে বিভিন্ন কমিউনিটির মানুষের অংশগ্রহণের সম্ভাবনা কমাতে বা বাড়াতে পারে? | | | | |
| ৩.২.চ | **এনগেজমেন্ট এর গভীরতা**<br>➢ বিভিন্ন গ্রুপ কমিউনিটি এনগেজমেন্ট সম্পর্কিত কার্যক্রমে কত সময় ব্যয় করে থাকে?<br>➢ পুনরায় কমিউনিটি ডায়লগে অংশ নেয়ার হার কি বয়স বা লিঙ্গ অনুযায়ী ভিন্ন হয়? | | | | |
| ৩.৩.ছ | **কমিউনিটি এনগেজমেন্ট কার্যক্রমে অংশগ্রহণের গভীরতা**<br>➢ কীভাবে বিভিন্ন সামাজিক গোষ্ঠী কমিউনিটি এনগেজমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করছে?<br>➢ এই কার্যক্রমে কাদের কথা সবচেয়ে বেশি শোনা যায় এবং মূল্যায়িত হয়?<br>➢ সেশন গুলোতে যে সিদ্ধান্তগুলো নেওয়া হয়, সেগুলো কি অংশগ্রহণকারীদের ভাবনাকে প্রতিফলিত করে? (যেমন পুরুষরা কি অন্য পুরুষদের জন্য বা অন্যান্য গোষ্ঠীর জন্য সিদ্ধান্ত নিচ্ছে?)<br>➢ এই সিদ্ধান্তগুলি কি গণতান্ত্রিক এবং ন্যায়সঙ্গত পদ্ধতিতে নেওয়া হয়? | | | | |
| ৩.২.গ. | **কমিউনিটি এনগেজমেন্ট সেশনের পরবর্তী কার্যক্রমে যোগদানের গভীরতা**<br>➢ ডায়লগের কর্মসূচীগুলো কি সবার জন্য কার্যকরভাবে বাস্তবায়ন করা সম্ভব?<br>➢ কর্মসূচীগুলো কি এভাবে সাজানো হয়েছে যাতে সবাই এগুলো কার্যকরভাবে বাস্তবায়ন করতে সক্ষম হয়?<br>➢ এই কর্মসূচীগুলি বাস্তবায়নের ক্ষেত্রে কে নেতৃত্ব দেবে?<br>➢ এই কাজগুলো সম্পূর্ণ করতে কাউকে কি প্রথাগত সামাজিক ভূমিকার কাঠামোকে পরিবর্তন করতে হবে? | | | | |
| ৩.২.জ | নিয়মিত পর্যবেক্ষণের দ্বারা কি প্রতিটি সামাজিক-সাংস্কৃতিক গোষ্ঠীর অংশগ্রহণ এবং দৃশ্যমান অক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের সম্পর্কে তথ্য জানা যাবে? | | | | |
| ৩.২.ঝ | যদি পর্যবেক্ষণ থেকে প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় যে, শুধুমাত্র নির্দিষ্ট বয়স বা লিঙ্গের লোকজন ডায়লগে উপস্থিত, এরপর কি কমিউনিটি এনগেজমেন্ট পদ্ধতিটিকে আরও অন্তর্ভুক্তিমূলক করতে কোন ব্যাবস্থা নেয়া হয়েছিল? | | | | |
| ৩.২.ঞ | কমিউনিটি এনগেজমেন্ট সেশনের সময়ে কি কোনো নেতিবাচক বার্তা বা স্টেরিওটাইপ তৈরি হয়েছে? | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **৩.২.জ** | কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়াটির প্রতিটি পর্ব সম্পর্কে অংশগ্রহণকারীদের (দর্শক) মতামত অনুসারে প্রক্রিয়াটি সন্তোষজনক ছিল কি না, তা বিশ্লেষণ করা হয়েছে? | | | | |
| **৩.২.ঝ** | অংশগ্রহণকারীরা তাদের অংশগ্রহণের ব্যাপারে সন্তুষ্ট ছিলেন?<br>কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়াটির প্রতিটি পর্ব সম্পর্কে অংশগ্রহণকারীদের (দর্শক) মতামত অনুসারে কি তা বিশ্লেষণ করা হয়েছে? | | | | |
| **৩.২.ঞ** | অংশগ্রহণকারীদের মধ্য থেকে কি সকল লিঙ্গের অভিজ্ঞতা ও পরামর্শ গ্রহণের জন্য কি কোন বিশেষ প্রক্রিয়া অবলম্বন করা হয়েছে? এই প্রতিক্রিয়ার আদান প্রদান কীভাবে উন্নতির জন্য কাজে লাগানো হবে? | | | | |
| **৩.২.ট** | ফ্যাসিলিটেটর বা স্বেচ্ছাসেবকদের নিয়োগ এবং তাদের অংশগ্রহণ অব্যহত রাখার প্রক্রিয়া কি লিঙ্গ বা অন্যান্য সামাজিক স্তরভেদে ভিন্ন ছিলো? | | | | |
| **৩.২.ঠ** | প্রকল্পের অংশগ্রহণকারীরা কি সেফগার্ডিং গ্রীভেন্স মেকানিজম অর্থাৎ নিরাপত্তা জনিত অভিযোগ নিরসন পদ্ধতি সম্পর্কে অবগত আছে? | | | | |
| **৩.২.ড** | কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণ কি অংশগ্রহণকারী/ ফ্যাসিলিটেটরদের ক্ষতির সম্ভাবনা বাড়াতে পারে?<br>*লিঙ্গ ভেদে ফ্যাসিলিটেটর হিসেবে যোগ দেয়া বা তাদের কার্যক্রম পরিচালনা করা কি নিরাপদ?* | | | | |
| **৩.২.ঢ** | কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণের পাশাপাশি সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নকারী হিসাবে সমস্ত লিঙ্গ এবং আন্তঃবিভাজনগত স্তরে বিভক্ত সম্প্রদায়ের সদস্যরা কি প্রকল্প পরিচালনায় নিযুক্ত হয়েছে? | | | | |

| বিভাগ | প্রশ্ন | স্কোর | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| বিভাগ | প্রশ্ন | স্কোর | | | মন্তব্য |
| | | ১ | ২ | ৩ | |
| ৫ | **লিঙ্গ সম্পর্কিত গবেষণা এবং প্রকল্পের ফলাফলের প্রতিবেদন এবং প্রচার** | | | | |
| ৫.ক | প্রতিবেদন ও অন্যান্য প্রচারণা ব্যবস্থায় কি লিঙ্গভিত্তিক প্রমাণাদি বা ফলাফল অন্তর্ভুক্ত করা হয়? | | | | |
| ৫.খ | লিঙ্গ সমতা ও সামাজিক অন্তর্ভুক্তি বিষয়ক নীতিমালা, কর্মসূচী এবং গবেষণা থেকে যেসব পরামর্শ বা সুপারিশ পাওয়া যায় তা সম্পর্কে কি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অবগত করা হয়? | | | | |
| ৫.গ | গবেষণা থেকে প্রাপ্ত সুপারিশগুলো যে লিঙ্গভিত্তিক বর্তমান অসমতাকে সমর্থন করে না, সেটি কি নিশ্চিত করা হয়েছে? সুপারিশগুলো কি লিঙ্গভিত্তিক বিশ্লেষনের মাধ্যমে যাচাই করা হয়েছে? | | | | |
| ৫.ঘ | লিঙ্গ ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষাগুলো কি রেকর্ড ও লিপিবদ্ধ করা হয়েছে এবং উদ্ভাবনী বিভিন্ন জেন্ডার-মেইনস্ট্রিমিং আচরণগুলো কি জানানো হয়েছে? | | | | |
| ৫.ঙ | গবেষণার মূলভাব বা সারমর্ম কি লিঙ্গ ও লিঙ্গ সমতা গবেষণা (SAGER) নির্দেশাবলী অনুসরণ করে লেখা হয়েছে? | | | | |
| | | | | | |
| ৪.১.চ | লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতিতে কার্যক্রম সম্পাদন ও পর্যবেক্ষণ নিশ্চিত করার জন্য কোন বাজেট আছে কি? | | | | |
| ৪.১.ছ | তথ্য-সংগ্রহ প্রক্রিয়ার সুপারভাইজাররা কি জেন্ডার মেইনস্ট্রিমিং/ সুরক্ষা সম্পর্কে প্রশিক্ষণ পেয়েছেন? | | | | |
| | | | | | |
| ৪.২ | **তথ্য বিশ্লেষণ** | | | | |
| ৪.২.ক | তথ্য বিশ্লেষণের চলক/সূচক এবং কোডিং কাঠামোতে কি লিঙ্গভিত্তিক বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হয়েছে? | | | | |
| ৪.২.খ | এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (AMR) প্রতিরোধমূলক আচরণের ফলে ব্যক্তিগত খরচ (আউট-অফ-পকেট এক্সপেন্ডিচার) সম্পর্কিত লিঙ্গ-বিভক্ত তথ্য কি সংগ্রহ করা হবে? (উদাহরণস্বরূপ: এসকল আচরণের কারণে কি পুরুষ এবং মহিলাদের সমপরিমান টাকা এবং সময় ব্যয় করতে হয়? এটি কিভাবে ব্যক্তি ও পরিবারের উপর প্রভাব ফেলে?) | | | | |

.

| বিভাগ | প্রশ্ন | স্কোর | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | |
| ৬ | **সক্ষমতা বৃদ্ধি:**<br>**সকল লিঙ্গের জন্য সক্ষমতা বৃদ্ধির প্রক্রিয়াটি যাতে সম্মিলিত, প্রাসঙ্গিক এবং সহজলভ্য হয়, প্রকল্পটি কি তা নিশ্চিত করেছে?** | | | | |
| **৬.ক** | প্রকল্পের জন্য দেশে কি জাতীয় লিঙ্গ ভিত্তিক সমন্বয় কর্মকর্তা নির্বাচিত হয়েছে? এই দায়িত্ব পালনের জন্য কি এই কর্মকর্তাদের কোন প্রকার সহায়তা প্রয়োজন? | | | | |
| **৬.খ** | লিঙ্গ বিষয়ক কোনো কারিগরি সহায়তা বা দক্ষতা বৃদ্ধির জন্য কি কি প্রয়োজন তা চিহ্নিত করে এই বিষয়ে কি অংশীজনদের সাথে কোন আলোচনা করা হয়েছে? | | | | |
| **৬.গ** | সকল লিঙ্গের লোকজনকে সমানভাবে প্রশিক্ষণ বা সক্ষমতা বৃদ্ধির কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার জন্য কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়ার কাঠামো কি সহায়ক ভূমিকা রাখে? | | | | |
| **৬.ঘ** | লিঙ্গ এবং অন্তর্ভুক্তি সম্পর্কিত সক্ষমতা বৃদ্ধির জন্য কি পর্যাপ্ত সংস্থানের ব্যবস্থা করা হয়েছে? | | | | |
| **৬.ঙ** | গবেষণা দলটি কি লিঙ্গ ও আন্তঃবিভাজনগত সমতা অথবা লিঙ্গ সমতা নিশ্চিতকরণ বিষয়ে কোনো প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে? | | | | |
| **৬.চ** | সকল কমিউনিটি এনগেজমেন্ট কর্মীগণ কি নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন? | | | | |

## আরও পড়ুন

১) Incorporating intersectional gender analysis into research on infectious diseases of poverty - A toolkit for health researchers

https://www.who.int/publications/i/item/9789240008458

২) A social and behavior change (SBC) quality assessment and learning tool - https://breakthroughactionandresearch.org/resource-library/gender-equality-check-in-tool/

৩) Minimum Standards for Mainstreaming Gender Equality - The Gender Practitioners Collaborative - https://www.fhi360.org/wp-content/uploads/drupal/documents/minimum-standards-mainstreaming-gender-equality.pdf

৪) Gender mainstreaming in the project cycle: https://www.unido.org/sites/default/files/2015-09/GM_the_project_cycle_FINAL_0.pdf

৫) How to manage gender responsive evaluations https://www.unwomen.org/sites/default/files/2022-05/UN-Women-Evaluation-Handbook-2022-en.pdf#04%20Evaluation%20handbook%20YH.indd%3A.180790%3A974

## তথ্যসূত্র

[i] National Institute for Health and Care Excellence. 03 March 2017 Community engagement: improving health and wellbeing. Quality standard [QS148]

[ii] Health equity (who.int)

[iii] WHO. Gender [Internet]. 2020. Available from: https://www.who.int/health-topics/gender

[iv] Incorporating intersectional gender analysis into research on infectious diseases of poverty: a toolkit for health researchers. Geneva: World Health Organization; 2020. Licence: CC BY-NC-SA 3.0 IGO.